# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,বাপাউবো
রহমান চেম্বার (১০ম তলা), ১২-১৩ মতিঝিল, ঢাকা
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
RAHMAN CHAMBER ($9^{TH}$ FLOOR),
12-13 MOTIJHEEL, DHAKA-1000.
PHONE: 9588458, 9550937 (Fax).
e-mail-dir.staff.bwdb@gmail.com


বিজ্ঞপ্তি নং-১১৬৬-পাউবো(কউ)/আর-৪১/২০১৭ তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইন-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | ক্যাটাগরীর নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা (৩১/১২/২০১৭ খ্রিঃ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | **সহকারী প্রকৌশলী (পুর)**<br>বেতন গ্রেড-০৯: টাকা ২২০০০-৫৩০৬০ (জাতীয় বেতন স্কেল ২০১৫) | ৩৬ (ছত্রিশ) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল, পানি সম্পদ বা কৃষি কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা উল্লিখিত বিষয়ে Associate Member of the Institute of Engineers (AMIE) এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

২। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের নিয়োগসংক্রান্ত সকল বিধি-বিধান এবং বিদ্যমান কোটা অনুসরণ করা হবে।

৩। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

৪। কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৫। আগ্রহী প্রার্থীদের অনলাইন-এ আবেদনপত্র দাখিল ও পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র ওয়েবসাইট **(www.bwdb.gov.bd)**-এর অনলাইন নিয়োগ পোর্টালের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত পোর্টালে পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি দপ্তরে গ্রহণ করা হবে না।**

৬। আগ্রহী প্রার্থী কর্তৃক অনলাইন-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সহিত পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বাপাউবো'র কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

### সাধারণ নির্দেশাবলীঃ

(১) **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়ঃ**
**০৭/১২/২০১৭ খ্রিঃ দুপুর ১২:০০ ঘটিকা হতে ৩১/১২/২০১৭ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।**

(২) **বয়সসীমাঃ** আবেদনকারীর বয়স **৩১/১২/২০১৭ খ্রিঃ** তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের অথবা মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধি কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৩) **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রার্থী নির্ধারিত সময়ের পর তার ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে ছবি, রোল নম্বর, লিখিত পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। তাছাড়া, যোগ্য প্রার্থীগণ এসএমএস/ইমেইল-এর মাধ্যমে নোটিফিকেশন পাবেন।

(৪) **মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে, বাপাউবো'র ওয়েবসাইটসহ এসএমএস/ইমেইল নোটিফিকেশন এবং

জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন সাক্ষাৎকারপত্র ইস্যু করা হবে না। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্রের ০১ (এক) কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক. এসএসসি/সমমান সনদপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

খ. কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি।

গ. উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ. চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

ঙ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ. বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি।

ছ. প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এস,এস,সি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

জ. প্রার্থী এবং তার পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঝ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতী সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

ঞ. শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধি সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

ট. সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্র।

ঠ. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে।

৭। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৮। বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(মোঃ ওয়াহিদ হোসেন)
পরিচালক (অঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

বিজ্ঞপ্তি নং-১১৬৬/১(৫০) -পাউবো(কউ)/আর-৪১/২০১৭ তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন অধিশাখা-০১)।
২. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
৩. প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা। **(তাঁকে উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
৪. নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপাউবো, ঢাকা।
৫. সচিব, বাপাউবো, ঢাকা।
৬. পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা **(তাঁকে উপর্যুক্ত জরুরী বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে বহল প্রচারিত ন্যুনতম দুইটি (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
৭. মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।
৯. নোটিশ বোর্ডের কপি।
১০. নথির কপি।

(কামরুজ্জামান খান)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।